গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা

# জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিটিজেন চার্টার অনুযায়ী ত্রৈমাসিক(জুলাই-সেপ্টেম্বর) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ জিল্লুর রহমান চৌধুরী<br>যুগ্মসচিব |
| সভার তারিখ | ০৭.১০.২০১৯ |
| সভার সময় | ১১.০০ |
| স্থান | যুগ্মসচিব(প্রশাসন) মহোদয়ের কক্ষ |
| উপস্থিতি | পরিশিস্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রামার জানান, সেবা প্রদান প্রক্রিয়া সহজ করে সেবা গ্রহীতাদের সন্তুষ্টি ও আস্থা অর্জনের পাশাপাশি অফিসের কর্মকান্ডে গতিশীলতা আনয়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী নাগরিক সেবার মানোন্নয়নে এ বিভাগে সিটিজেন চার্টার বাস্তবায়ন করা হয়েছে। তাছাড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র ২.৪ ক্রমিকে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়নের কথা উল্লেখ আছে। প্রোগ্রামার আরও জানান, সিটিজেন চার্টারে উল্লিখিত সেবা অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে পরিচালিত অনলাইনভিত্তিক অভিযোগ সিস্টেমে (http://www.grs.gov.bd/) আপলোড করা হয়েছে এবং সে অনুযায়ী কোন অভিযোগ থাকলে যথাসময়ে নিষ্পন্ন করা হচ্ছে। এ বিভাগের সিটিজেন চার্টার উল্লিখিত সেবা প্রদান খাতসমূহ নিয়ে আলোচনা করা হয়।

০২। অতঃপর জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিটিজেন চার্টারে বন্টনকৃত শাখাভিত্তিক কার্যক্রম নিয়ে পর্যালোচনা হয়। সভায় উপসচিব (অপারেশন-১), জানান সাধারণ ক্ষেত্রে ফিলিং স্টেশন/সার্ভিস স্টেশন স্থাপনের (তেল) অনুমতি সেবাটি বিপিসি অনুমোদন দিয়ে থাকে তবে বিশেষ ক্ষেত্রে এ বিভাগের মতামত নিয়ে অনুমতি প্রদান করা হয়। তিনি জানান অপারেশন শাখা সংশ্লিষ্ট সকল সেবা প্রতিশ্রুতি অনুযায়ী যথাযথভাবে সম্পন করা হচ্ছে। সভায় যুগ্মসচিব (প্রশাসন-৩) জানান, প্রাতিষ্ঠানিক সেবার ১০ নম্বর ক্রমিকে উল্লিখিত 'বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) অর্থবছরের বাজেট বরাদ্দ বিভাজন ও ছাড়করণ' সেবাটি তার শাখা সংশ্লিষ্ট নয় বিধায় সেবাটি বাজেট শাখায় স্থানান্তর করা যেতে পারে।

<u>বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ</u>

১. শাখা/অধিশাখার কর্মকর্তাগণ সেবা প্রতিশ্রুতি অনুযায়ী কার্যক্রম পর্যবেক্ষণ করবেন;
২. হার্ডফাইল/অনলাইনে প্রাপ্ত সকল অভিযোগ যথাসময়ে নিস্পত্তি করতে হবে;
৩. সিটিজেন চার্টারে উল্লিখিত প্রাতিষ্ঠানিক সেবার ১০ নম্বর ক্রমিকে উল্লিখিত 'বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) অর্থবছরের বাজেট বরাদ্দ বিভাজন ও ছাড়করণ' সেবাটি বাজেট শাখায় স্থানান্তর করতে হবে।

মোঃ জিল্লুর রহমান চৌধুরী
যুগ্মসচিব

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০১৫.১৮.১৮৭ তারিখ: ১৩ কার্তিক ১৪২৬

২৯ অক্টোবর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

২) যুগ্মসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৩) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৫) উপসচিব, অপারেশন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৬) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৭) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

mafrul

মোঃ মাফরুল আলম

প্রোগ্রামার